এইচএসসি পরীক্ষা শুরু ৬ নভেম্বর

# পরীক্ষার্থী কমেছে প্রায় ২ লাখ

নিজস্ব বার্তা পরিবেশক

এইচএসসি ও সমমান পরীক্ষায় গত বছরের তুলনায় এবার পরীক্ষার্থী কমেছে এক লাখ ৯৬ হাজার ২৮৩ জন। আগামী ৬ নভেম্বর (রোববার) শুরু হচ্ছে এই পরীক্ষা। প্রশ্নপত্র ফাঁস ও গুজব ঠেকাতে পরীক্ষা উপলক্ষে ৩ নভেম্বর থেকে ১৪ ডিসেম্বর পর্যন্ত দেশের সব কোচিং সেন্টার বন্ধ থাকবে।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি গতকাল সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে এইচএসসি পরীক্ষার বিষয়ে বিস্তারিত তথ্য তুলে ধরেন।

- প্রশ্নফাঁস গুজব ঠেকাতে কোচিং বন্ধ
- সব পরীক্ষা হবে ২ ঘণ্টা

গত বছর এইচএসসি ও সমমান পরীক্ষায় মোট ১৩ লাখ ৯৯ হাজার ৬৯০ জন পরীক্ষার্থী অংশ নিয়েছিল জানিয়ে মন্ত্রী বলেন, এ বছর পরীক্ষার্থীর সংখ্যা ১২ লাখ তিন হাজার ৪০৭ জন।

পরীক্ষার্থী কেন কমেছে জানতে চাইলে শিক্ষামন্ত্রী বলেন, এবার অনিয়মিত পরীক্ষার্থী খুব একটা নেই। গতবছর এই সংখ্যা বেশি ছিল। অনিয়মিত পরীক্ষার্থী না থাকায় এবার পরীক্ষার্থীর সংখ্যা কমেছে বলে জানান শিক্ষামন্ত্রী।

যদিও সম্প্রতি মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) এক প্রতিবেদনে বলা হয়েছে, করোনা মহামারীর কারণে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে প্রায় ৪৭ হাজার শিক্ষার্থী বাল্যবিবাহের শিকার হয়েছে। অনেকে শিশুশ্রমেও জড়িয়েছে। এ কারণে পরীক্ষার্থী কমার আশঙ্কা করছেন শিক্ষা সংশ্লিষ্ট

কর্মকর্তারা।

পরীক্ষা উপলক্ষে কোচিং সেন্টার বন্ধ রাখার বিষয়ে মন্ত্রী বলেন, প্রশ্নপত্র ফাঁসের গুজবমুক্ত ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা সুষ্ঠু, সুন্দরভাবে অনুষ্ঠানের লক্ষ্যে কোচিং সেন্টার বন্ধ

➤ পৃষ্ঠা ১৫ : ক : ৩

# পরীক্ষার্থী কমেছে

(১ম পৃষ্ঠার পর)

থাকবে। এবার মোট ১১টি শিক্ষা বোর্ডের পরীক্ষার্থীর মধ্যে ছাত্র সংখ্যা ছয় লাখ ২২ হাজার ৭৯৬ জন এবং ছাত্রী সংখ্যা পাঁচ লাখ ৮০ হাজার ৬১১ জন। মোট কেন্দ্র সংখ্যা দুই হাজার ৬৪৯টি এবং মোট প্রতিষ্ঠান ৯ হাজার ১৮১টি। এ হিসাবে গত বছরের তুলনায় কেন্দ্র বেড়েছে ২৮টি এবং প্রতিষ্ঠান কমেছে ২টি। এছাড়া বিদেশের ৮টি কেন্দ্রে মোট পরীক্ষার্থীর সংখ্যা ২২২ জন।

মোট পরীক্ষার্থীর মধ্যে নয়টি সাধারণ ধারার শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসিতে অংশ নিচ্ছে ৯ লাখ ৮৫ হাজার ৭১৩ জন শিক্ষার্থী।

এছাড়া মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠেয় আলিম পরীক্ষায় ৯৪ হাজার ৭৬৩ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি বিএম, ভোকেশনাল এবং ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষায় অংশ নিচ্ছে এক লাখ ২২ হাজার ৯৩১ জন পরীক্ষার্থী।

গত ১২ সেপ্টেম্বর এইচএসসি পরীক্ষার সূচি প্রকাশ করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির আহ্বায়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আবুল বাশার স্বাক্ষরিত সূচি অনুযায়ী, এবার সব পরীক্ষা হবে ২ ঘন্টার। এর মধ্যে বহুনির্বাচনী প্রশ্নের জন্য ২০ মিনিট এবং রচনামূলক প্রশ্নের জন্য এক ঘন্টা ৪০ মিনিট সময় থাকবে।

এবারের পরীক্ষায় স্বাভাবিক পরিস্থিতির তুলনায় নম্বর ও সময় কমিয়ে আনা হয়েছে উল্লেখ করে দীপু মনি বলেন, ২০২২ জন্য সংশোধিত ও পুনর্বিন্যাসকৃত সিলেবাসে এইচএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

প্রথমে বহুনির্বাচনী এবং পরে রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে, মাঝে কোন বিরতি থাকবে না। পরীক্ষা শুরু অন্তত ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের আসন গ্রহণ করতে হবে বলে শিক্ষামন্ত্রী জানিয়েছেন।

করোনার কারণে সব বিষয়ে ও পূর্ণ নম্বরে পরীক্ষা নেয়া সম্ভব হয়নি উল্লেখ

করে মন্ত্রী বলেন, পরিস্থিতি স্বাভাবিক থাকলে আগামী ২০২৩ সাল থেকে সব বিষয়ে পূর্ণ নম্বরে পুনর্বিন্যাস করা সিলেবাসে অনুষ্ঠিত হবে।

স্বাভাবিক পরিস্থিতিতে এইচএসসি ও সমমানের প্রতিটি পত্রের পরীক্ষা দিতে শিক্ষার্থীরা ৩ ঘণ্টা সময় পান। আর প্রতি পরীক্ষার মোট নম্বর থাকে ১০০। তবে এবারের এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে ব্যবহারিকসহ বিষয়গুলোতে পরীক্ষার্থীদের প্রতি পত্রে ৪৫ নম্বরের পরীক্ষায় অংশ নিতে হবে। এরমধ্যে রচনামূলকে ৩০ নম্বর ও নৈর্ব্যক্তিক থাকবে ১৫ নম্বর।

তবে মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের ব্যবহারিক ছাড়া বিষয়গুলোতে শিক্ষার্থীদের প্রতি পত্রে ৫৫ নম্বরের পরীক্ষায় অংশ নিতে হবে। এরমধ্যে ৪০ নম্বর রচনামূলক পরীক্ষা ও ১৫ নম্বরের নৈর্ব্যক্তিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। আর বাংলা দ্বিতীয় পত্র এবং ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র পরীক্ষা হবে ৫০ নম্বরে।

সংবাদ সম্মেলনে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব আবু বকর ছিদ্দিক, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকারসহ শিক্ষা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।